নথি নং- ৫কাস(০১)/কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি/২০১৮/১২৪ তারিখঃ ১৬/০৫/২০২৩ খ্রিঃ

বিষয়: **কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিমিটেড এর ব্যবস্থাপনা কমিটির ভার্চুয়্যাল সভার কার্যবিবরণী।**

**সভাপতি:** **ড. মোঃ সহিদুল ইসলাম, সদস্য, জাতীয় রাজস্ব বোর্ড।**

**সভার স্থান:** স্ব স্ব কর্মস্থল।

**সভার তারিখ:** ১৫/০৫/২০২৩ (সোমবার)।

**সভার সময়:** বিকাল ৪:০০ঘটিকা।

**আলোচ্যসূচী:**

১। সদস্য সংখ্যা বৃদ্ধি ও বকেয়া চাঁদা আদায়;
২। সদস্যদের সিভিসিএস কার্ড ইস্যু;
৩। সদস্যদের জন্য কর্পোরেট সেবা বৃদ্ধি ও হালনাগাদকরণ;
৪। তহবিল বিনিয়োগ;
৫। চিকিৎসা সহায়তা;
৬। সমবায় অধিদপ্তর কর্তৃক বাৎসরিক নিরীক্ষাকরণ;
৭। সিএন্ডএফ এসোসিয়েশনের প্রতিনিধিদের সাথে সভা আহ্বান;
৮। বিভিন্ন উপ-কমিটি গঠন;
৯। বিবিধ।

কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিমিটেড এর ব্যবস্থাপনা কমিটির একটি ভার্চুয়্যাল সভা জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য ও কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিমিটেড এর সভাপতি **ড. মোঃ সহিদুল ইসলাম** এর সভাপতিত্বে গত ১৫/০৫/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়।

সভাপতি মহোদয় Zoom এ উপস্থিত ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি CVCS কে সমৃদ্ধ কাস্টমস গঠনে স্বপ্নের প্ল্যাটফর্ম হিসেবে অভিহিত করেন এবং এই ফোরামকে অনন্য উচ্চতায় নিয়ে স্থায়ী রুপদান করতে সবাইকে নিজ নিজ জায়গা থেকে দায়িত্ব পালনের আহ্বান জানান।

২। সিভিসিএস-এর সভাপতি ও জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য **ড. মোঃ সহিদুল ইসলাম** -এর সঞ্চালনায় নিম্নরুপ আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়নের রুপরেখা নির্ধারিত হয়:

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা |
|---|---|---|---|
| ০১ | সদস্য সংখ্যা বৃদ্ধি ও বকেয়া চাঁদা আদায় | সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ের উপর আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের স্ব স্ব দপ্তরের সামগ্রিক চিত্রসহ সিভিসিএস এর সামগ্রিক সদস্য সংখ্যা ও বকেয়া চাঁদার হালনাগাদ তথ্য সমূহ নিয়ে বিস্তর আলোচনা করেন। স্ব স্ব দপ্তরের দপ্তর প্রধানগণের সক্রিয় অংশগ্রহন ও কঠোর পদক্ষেপ ছাড়া দ্রুত সদস্য সংখ্যা বৃদ্ধি ও বকেয়া চাঁদা আদায় সহজ হবে না বলে বক্তারা সবাই একমত পোষণ করেন। প্রতি সপ্তাহে বা মাসে প্রতিটি দপ্তরে যে রেভিনিউ মিটিং হয় তাতে সিভিসিএস এর নির্বাহী কমিটির মনোনীত প্রতিনিধিরা প্রচারণামূলক কার্যক্রম চালাতে পারে বলে একাধিক বক্তা মতামত প্রদান করেন। কোভিড-১৯ কালীন সময়ে যে সমস্থ সদস্যগণ সেবা গ্রহণ করেছেন তার একটা হালনাগাদ তালিকা সংগ্রহ করে প্রচারণার কাজে ব্যবহার করা যায় মর্মেও বেশিরভাগ সদস্য মতামত প্রদান করেন। এছাড়াও বিসিএস (কাস্টমস এন্ড ভ্যাট) এসোসিয়েশন, ঢাকাএভ, বাকাএভ, বাকাস, আন্তঃ | (ক) প্রতিটি দপ্তরের দপ্তর প্রধানগণ আরো বেশী সহযোগীতা ও নতুন নতুন উদ্যোগ গ্রহণের মাধ্যমে আগামী ৩০ মে ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে তাদের স্ব স্ব দপ্তরের অনিবন্ধিত সদস্যদের নিবন্ধনের এবং মাসিক বকেয়া চাঁদা আদায়ের ব্যবস্থা গ্রহণ করবেন বলে সভাপতি মহোদয় আশা প্রকাশ করেন এবং চলতি সপ্তাহের মধ্যেই সকল দপ্তরে সভাপতি মহোদয়ের স্বাক্ষর সম্বলিত এ সংক্রান্ত একটি চিঠি প্রেরণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যরা তাদের স্ব স্ব পেশাজীবী সংগঠনের বা এসোসিয়েশনের মাধ্যমে আরো বেশী গঠনমূলক ভূমিকা পালন করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | কমিশনারেট গাড়ী চালক সমিতিসহ সংশ্লিষ্ট প্রতিটি এসোসিয়েশনের পক্ষ হতে ব্যাপক প্রচার প্রচারনা চালানো ও এসোসিয়েশনের সভাপতি/ সাধারণ সম্পাদকদের আরো বেশি কার্যকর ভুমিকা পালন করার বিষয়ে সকলেই একমত পোষণ করেন এবং প্রতিটি দপ্তর হতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের হালনাগাদ তথ্য সংগ্রহ করার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | |
| ০২ | সদস্যদের সিভিসিএস কার্ড ইস্যু | ইতোপূর্বে সমাজ কল্যাণ উপ-কমিটি কর্তৃক প্রদানকৃত আইডি কার্ডে বিভিন্ন প্রকার অসংগতি (সিভিসিএস-এর সদস্য নয় এমন কর্মকর্তা-কর্মচারীরা আইডি কার্ড পেয়েছেন) পরিলক্ষিত হওয়াই সিভিসিএস এর সদস্যদের জন্য ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নতুন স্বতন্ত্র আইডি কার্ড প্রদানের বিষয়ে সকল আলোচক একমত পোষণ করেন এবং পূর্বের মতো সিভিসিএস-এর সদস্য নয় এমন কর্মকর্তা-কর্মচারীরা যাতে আইডি কার্ড না পায় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। সভাপতি মহোদয় পূর্বে সমাজ কল্যাণ উপ-কমিটি কর্তৃক প্রদানকৃত আইডি কার্ডের বিভিন্ন ব্যত্যয় সমূহ নির্বাহী কমিটির সকল সদস্যকে অবহিত করেন এবং এ ব্যাপারে বিভিন্ন বিশেষজ্ঞগণের সাথে আলোচনার জন্য সিভিসিএস এর ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যদের অনুরোধ করেন। | দ্রুততম সময়ের মধ্যে ইতোপূর্বে প্রদানকৃত আইডি কার্ডগুলোকে বাজেয়াপ্ত ঘোষণা করে নতুন স্বতন্ত্র আইডি কার্ড প্রদানের জন্য সভাপতি মহোদয় বিভিন্ন আইডি কার্ড প্রস্তুতকারক প্রতিষ্ঠান হতে তথ্য সংগ্রহ করবেন এবং পরবর্তী ব্যবস্থাপনা কমিটির সভায় তা উপস্থাপনের মাধ্যমে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন। |
| ০৩ | সদস্যদের জন্য কর্পোরেট সেবা বৃদ্ধি ও হালনাগাদকরণ | সিভিসিএস এর সকল সদস্যদের জন্য আরো কি কি উপায়ে কর্পোরেট সেবাসমূহ বৃদ্ধি করা যায় এবং চলমান সেবাগুলোর চুক্তিসমূহ হালনাগাদ করণ ও সেগুলোর সমঝোতা স্মারকসমূহ সংরক্ষনের জন্য আলোচকবৃন্দ আলোচনা করেন। বর্তমানে প্রদত্ত সেবাসমূহের বেশিরভাগই ঢাকা কেন্দ্রীক তাই প্রচলিত সেবাগুলোকে ঢাকাসহ বিভিন্ন বিভাগীয় শহরগুলোতে বা বড় বড় শহরগুলোতে ছড়িয়ে দেওয়ার ব্যাপারে সকলেই একমত পোষণ করেন। প্রাথমিকভাবে যে সমস্ত প্রতিষ্ঠানের সাথে সিভিসিএস এর সমঝোতা স্মারক আছে সে সমস্ত প্রতিষ্ঠানগুলোর কোন শাখা যদি ঢাকার বাইরে কোন শহরে থেকে থাকে তাহলে সদস্যরা যাতে সেই শহরগুলোতেও সেবাসমূহ পেতে পারে সে ব্যবস্থা নেওয়ার জন্য নির্বাহী কমিটির সদস্যরা সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। যতদিন পর্যন্ত সিভিসিএস-এর নিজস্ব কোন সেবা প্রতিষ্ঠান বা বাণিজ্যিক প্রতিষ্ঠান গড়ে না উঠছে ততদিন পর্যন্ত আরো অধিক সংখ্যক প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য নির্বাহী কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। প্রয়োজনে বিভিন্ন প্রতিষ্ঠান বরাবর সভাপতি কর্তৃক স্বাক্ষরিত এক বা একাধিক প্রস্তাবপত্র ইস্যু করার জন্যও অংশগ্রহণকারী সদস্যবৃন্দ গুরুত্বারোপ করেন। | দ্রুততম সময়ের মধ্যে ঢাকার বাইরের বড় বড় শহরগুলোতে কর্পোরেট সেবাসমূহ বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ জন্য প্রাথমিক ভাবে চট্টগ্রাম বিভাগের জন্য সিভিসিএস এর সাধারণ সম্পাদক ও অতিরিক্ত কমিশনার জনাব মোহাম্মদ মাহমুদুল হাসানকে দায়িত্ব প্রদান করা হয় এবং খুলনা বিভাগের জন্য সভাপতি মহোদয় নিজ উদ্যোগে খুলনা ও যশোর ভ্যাটের কমিশনারের সাথে আলোচনা করে এ সংক্রান্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। |
| ০৪ | তহবিল | বর্তমানে সোনালী ব্যাংকে জমাকৃত | (ক) ব্যবস্থাপনা কমিটির কয়েকজন |

| | | | |
|---|---|---|---|
| | বিনিয়োগ | ৬,০০,০০,০০০.০০ (ছয় কোটি) টাকার এফডিআর-এ যে পরিমান লভ্যাংশ পাওয়া যাচ্ছে সেটি বাজার দর অনুযায়ী খুবই কম। সুতরাং নতুন কোন ব্যাংকে সর্বোচ্চ রেটে এফডিআর রাখার ব্যাপারে অনেক সদস্য মতামত দেন। ব্যাংকে গচ্ছিত বর্তমান আমানত হতে ২,০০,০০,০০০.০০ (দুই কোটি) টাকার আরও একটি এফডিআর করার ব্যাপারে সভায় উপস্থিত নির্বাহী কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। এক্ষেত্রে বিভিন্ন ব্যাংকের সাথে যোগাযোগ করে তাদের বর্তমান লভ্যাংশের রেটসহ সিভিসিএস-এর সভাপতি বরাবর প্রস্তাব পাঠানোর ব্যাপারে আলোচনা হয়। পূর্বে জমাকৃত এফডিআর সমূহের ডকুমেন্টসগুলো সংগ্রহ করে ব্যাংকের লকারে রাখার জন্য সভায় উপস্থিত সকলে মত দেন। | সদস্য বিভিন্ন ব্যাংকের সাথে যোগাযোগ করে তাদের প্রস্তাবপত্র সংগ্রহ করবে এবং সভাপতি মহোদয়কে অবহিত করবে। সভাপতি মহোদয় পরবর্তী ব্যবস্থাপনা কমিটির সভায় ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যের মতামতের ভিত্তিতে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।<br>(খ) পূর্বে জমাকৃত ০২ (দুই) টি এফডিআর এর মধ্যে ০১ (এক) টি কপি বর্তমান সাধারণ সম্পাদক সরাসরি বা বাহক মারফত সভাপতি বরাবর জমা দেবেন এবং অপর ০১ (এক) টি কপি সাবেক কোষাধ্যক্ষ ও সহকারী কমিশনার জনাব জাকির হোসেন চৌধুরীর কাছ থেকে সংগ্রহ করে বর্তমান কোষাধ্যক্ষ ও রাজস্ব কর্মকর্তা জনাব মোঃ মাজহারুল ইসলাম সভাপতির কাছে জমা দেবেন। |
| ০৫ | চিকিৎসা সহায়তা | সিভিসিএস-এস সদস্য এবং তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা সহায়তা প্রদান করার জন্য একটা সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়নের জন্য কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। সদস্যদের পরিবার বলতে সরকারি সার্ভিস রুলে উল্লেখিত পরিবারের সংজ্ঞাকে বিবেচনায় রাখার ব্যাপারে সকলে সম্মত হন। সহায়তা প্রদানের ক্ষেত্রে সিভিসিএস-এর মূল টাকা হতে যে লভ্যাংশ আসে তা হতে একটা নির্দিষ্ট অংশ আনুপাতিক হারে দেওয়া যেতে পারে বলে সকলে মতামত প্রদান করেন। বিগত ১৭/০৯/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নির্বাহী কমিটির সভার সিদ্ধান্তের আলোকে চিকিৎসাধীন সদস্য বা তার পরিবারের সদস্যকে এককালীন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং মৃত সদস্যের পরিবারকে এককালীন ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা প্রদানের বিষয়ে উপস্থিত সকলে সহমত পোষন করেন এবং এরই ধারাবাহিকতায় পূর্বের অনুমোদিত ০৫ (পাঁচ) টি আবেদনের সাথে নতুন ০২ (দুই) টি আবেদন বিবেচনায় আনা হয়। পূর্বের ০৫ (পাঁচ) জন এবং নতুন ০২ (দুই) জন আবেদনকারী হলেন যথাক্রমে: প্রয়াত শাহাবদ্দিন কাড়ার, গাড়িচালক, শামীমা নাসরিন, সিপাই, প্রয়াত আইয়ুব আলী আকন্দ, সিপাই, প্রয়াত সুমন চন্দ্র, সহকারী রাজস্ব কর্মকর্তা, প্রয়াত এরশাদ আলী খান, রাজস্ব কর্মকর্তা এবং জনাব মোঃ জাহিদুর রহমান বাবু ও জনাব মোঃ কামরুল হাসান। | ইতোপূর্বে অনুমোদিত ০৫ (পাঁচ) টি এবং নতুন অনুমোদিত ০২ (দুই) টিসহ সর্বমোট ০৭ (সাত) টি আবেদনের আবেদনকারীদের হাতে স্ব স্ব কমিশনারেটের মাধ্যমে ০৭ (সাত) টি ক্রস চেক হস্তান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে মৃত্যুবরণকারী সদস্যদের প্রতিটি পরিবারকে এককালীন ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা এবং চিকিৎসাধীন সদস্যদের প্রত্যেককে এককালীন ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকার পৃথক ০৭ (সাত) টি চেক হস্তান্তর করা হবে। এক্ষেত্রে ঢাকার ভিতরের কমিশনারেটগুলোতে সভাপতি মহোদয় উপস্থিত থাকার ব্যাপারে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। |
| ০৬ | সমবায় অধিদপ্তর কর্তৃক বাৎসরিক | বাৎসরিক নিরীক্ষা কার্যক্রম শুরু করার জন্য সমবায় অধিদপ্তর কর্তৃক প্রেরিত চিঠির আলোকে এ অংশে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনা করেন। নিরীক্ষা কার্যক্রমটি সুন্দরভাবে সম্পন্ন করার জন্য নির্দিষ্ট কারো | সিভিসিএস এর অফিস সচিব জনাব মোঃ আমজাদ হোসেন নিরীক্ষা সংক্রান্ত সমস্থ কার্যক্রম পরিচালনা করবেন এবং সিভিসিএস-এর সাধারণ সম্পাদক |

| | | | |
|---|---|---|---|
| | নিরীক্ষাকরণ | উপর তদারকির দায়িত্ব প্রদানের জন্য নির্বাহী কমিটির সদস্যবৃন্দ সভাপতি মহোদয়কে অনুরোধ করেন এবং এ সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য বর্তমান অফিস সচিব জনাব মোঃ আমজাদ হোসেনকে দায়িত্ব প্রদানের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | জনাব মোহাম্মদ মাহমুদুল হাসান এ বিষয়টি তদারকি করবেন। |
| ০৭ | বিভিন্ন সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধিদের সাথে সভা আহবান | বিভিন্ন কাস্টম হাউস হতে প্রতি বিল আব এন্ট্রিতে ১০ (দশ) টাকা সংগ্রহ করে সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন হতে সিভিসিএস এর ব্যাংক এ্যাকাউন্টে প্রেরণ করা হতো। কিন্তু বিগত প্রায় বছর খানেক ধরে শুধুমাত্র কাস্টম হাউস, বেনাপোল ছাড়া অন্য কোন কাস্টম হাউস হতে বিল অব এন্ট্রির কোনো টাকা জমা হচ্ছে না। এ অবস্থায় সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের হাতে সিভিসিএস এর নামে জমাকৃত বিল আব এন্টির টাকা সমূহ দ্রুততম সময়ের মধ্যে আদায় এবং নিয়মিত ভিত্তিতে বিল আব এন্টির টাকা যাতে সিভিসিএস-এর ব্যাংক হিসেবে জমা হয় সেজন্য সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দের সাথে সরাসরি সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী কমিটির সকল সদস্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। উল্লেখ্য ইতোপূর্বে বিভিন্ন অনানুষ্ঠানিক মাধ্যমে সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের প্রতিনিধিবৃন্দের সাথে যোগাযোগ করা হলেও তাতে খুব সন্তোষজনক ফলাফল পাওয়া যায়নি। | সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের সাথে দ্রুততম সময়ে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে সিভিসিএস এর সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ মাহমুদুল হাসানকে দায়িত্ব দেওয়া হয়। |
| ০৮ | বিভিন্ন উপ-কমিটি গঠন | সিভিসিএস-এর চলমান কার্যক্রমকে আরো বেশী গতিশীল ও বেগবান করতে বিভিন্ন উপ-কমিটি গঠন ও তাদের কর্যক্রম সুনির্দিষ্ট করে দেওয়ার জন্য সভায় অংশগ্রহনকারী নির্বাহী কমিটির সকল সদস্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। এ সময় সদস্যবৃন্দ বিভিন্ন বিষয়ে সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন ও কার্যক্রমকে গতিশীল করতে উপ-কমিটি সমূহের গুরুত্ব তুলে ধরেন। সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দদের উপ-কমিটি গঠন করার জন্য সুনির্দিষ্ট বিষয়সমূহ তুলে ধরার জন্য অনুরোধ করেন। | পরবর্তী ব্যবস্থাপনা কমিটির সভায় কমিটির সদস্যবৃন্দ কি কি বিষয়ের উপর উপ-কমিটি গঠন করা প্রয়োজন তা সভাপতি মহোদয়কে অবহিত করবেন এবং সভাপতি মহোদয় প্রয়োজন অনুযায়ী এক বা একাধিক উপ-কমিটি গঠন করে দিবেন। |
| ০৯ | বিবিধ | বিবিধ আলোচনার প্রথমেই সিওএইচএস-কে সিভিসিএসের একটি গুরুত্বপুর্ণ অংশ হিসেবে বিবেচনা করা হয় এবং সিওএইচএস-এ সিভিসিএস-এর কমিটির অংশগ্রহণ সুনিশ্চিত করতে উপস্থিত সকল সদস্য সভাপতি মহোদয়কে অনুরোধ জনান। তারা বলেন, যেহেতু সিওএইচএস সিভিসিএসের একটি গুরুত্বপুর্ণ অংশ সেহেতু পদাধিকারবলে সিভিসিএস-এর সভাপতি ও সাধারণ সম্পাদক মহোদয় সিওএইচএস-এর যেকোনো ব্যপারে খোজ খবর নিতে পারেন এবং সিওএইচএস কর্তৃক আয়োজিত সকল অনুষ্ঠানে বা সভায় প্রধান অতিথির আসন অলংকৃত করতে পারেন। সেক্ষেত্রে সিওএইচএস-এর সভাপতি মহোদয় অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন এবং সিভিসিএস-এর সভাপতি বা সাধারণ সম্পাদক মহোদয় প্রধান অতিথির আসন অলংকৃত করবেন। | (ক) সিওএইচএস-এর সভায় সিভিসিএস-এর কমিটির অংশগ্রহণ সুনিশ্চিত করার ব্যপারে সিওএইচএস-এর সভাপতি জনাব কাজী মোস্তাফিজুর রহমানের সাথে যোগাযোগ করার জন্য সিভিসিএস-এর নির্বাহী কমিটির সদস্য ও কাস্টম হাউস, আইসিডির কমিশনার জনাব মোঃ সামছুল ইসলামকে দায়িত্ব দেওয়া হয়।<br>(খ) নিবন্ধন ফি বা মাসিক টাকা জমা প্রদান সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য প্রমানপত্র সহ অফিস সচিব জনাব মোঃ আমজাদ হোসেন- এর সাথে যোগাযোগ করার জন্য সংশ্লিষ্ট ব্যাক্তিবর্গকে নির্দেশনা প্রদান করা হয়। |

| | | | |
|---|---|---|---|
| | | আলোচনার এ পর্যায়ে যে সকল ব্যাক্তিগণ ইতোপূর্বে সিভিসিএস-এ নিবন্ধনের টাকা জমা দিয়েছেন কিন্তু সদস্য হননি বা মাসিক চাঁদার টাকা জমা দেওয়ার পরেও অনলাইনে আপডেট হয়নি তাদেরকে টাকা জমা দেওয়ার রশিদ বা অনুরুপ কোন প্রমানপত্রসহ সিভিসিএস-এর অফিসে বা অফিস সচিব জনাব মোঃ আমজাদ হোসেন-এর সাথে সরাসরি যোগযোগ করার জন্য দিকনির্দেশনা দেওয়া হবে মর্মে সকলে একমত পোষন করেন। | |

৩। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় অংশগ্রহনকারী ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মোঃ সহিদুল ইসলাম
সদস্য
জাতীয় রাজস্ব বোর্ড
ও
সভাপতি
কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিমিটেড

নথি নং- ৫কাস(০১)/কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি/২০১৮/১২৪ তারিখঃ ১৬/০৫/২০২৩ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১-০৭। সদস্য (শুল্ক ও মূসক প্রশাসন/ শুল্ক নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য/ শুল্ক নীতি/ মূসক নীতি/ শুল্ক রপ্তানী, বন্ড ও আইটি/ মূসক-বাস্তবায়ন ও আইটি/ মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
০৮। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
০৯-১৪। কমিশনার, কাস্টম হাউস-ঢাকা/ আইসিডি/ চট্টগ্রাম/ বেনাপোল/ মোংলা/ পাঁনগাও)।
১৫-২৬। কমিশনার, কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা (পশ্চিম)/চট্টগ্রাম/ কুমিল্লা/ খুলনা/ রাজশাহী/ সিলেট / রংপুর/ যশোর/ বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।
২৭-৩০। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী চট্টগ্রাম/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/ নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৩১। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৩২-৩৫। কমিশনার (আপীল), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, ঢাকা-১ও ২/ চট্টগ্রাম/ খুলনা।
৩৬-৩৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।
৩৮। কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৩৯-৪০। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প/এন.এস.ডব্লিউ, ঢাকা।
৪১। ব্যবস্থাপনা কমিটির সদস্য (সকল)।
৪২। অফিস কপি।

ড. মোঃ সহিদুল ইসলাম
সদস্য
জাতীয় রাজস্ব বোর্ড
ও
সভাপতি
কাস্টমস এন্ড ভ্যাট কর্মকর্তা-কর্মচারী সমবায় সমিতি (সিভিসিএস) লিমিটেড

নথি নং- ৫কাস(০১)/কাস্টমস এন্ড ভ্যাট কো-অপারেটিভ সোসাইটি/২০১৮/১২৪ তারিখঃ ১৬/০৫/২০২৩ খ্রিঃ

## উপস্থিতিপত্র

| ক্র নং | নাম | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|---|
| ০১ | ড. মোঃ সহিদুল ইসলাম | সদস্য | সভাপতি |
| ০২ | ড. নাহিদা ফরিদী | কমিশনার | সহ-সভাপতি |
| ০৩ | মোহাম্মদ মাহমুদুল হাসান | অতিরিক্ত কমিশনার | সাধারণ সম্পাদক |
| ০৪ | খন্দকার লুৎফল আজম | সহকারী কমিশনার | যুগ্ম সম্পাদক |
| ০৫ | মোঃ মাজহারুল ইসলাম | রাজস্ব কর্মকর্তা | কোষাধ্যক্ষ |
| ০৬ | মোঃ সামছুল ইসলাম | কমিশনার | সদস্য |
| ০৭ | আরজিনা খাতুন | উপ-কমিশনার | সদস্য |
| ০৮ | মোঃ এনামুল হক | সহকারী রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| ০৯ | মোঃ মজিবুর রহমান | সহকারী রাজস্ব কর্মকর্তা | সদস্য |
| ১০ | মোঃ আজহারুল ইসলাম | অফিস সুপারিনটেনডেন্ট | সদস্য |
| ১১ | আবু শিহান | সাব-ইন্সপেক্টর | সদস্য |
| ১২ | মোঃ ফজলুল হক | গাড়ীচালক | সদস্য |